

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকায় আসছেন পাকিস্তানি হার্টথ্রব হানিয়া আমির -পৃষ্ঠা-৩

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৪৪ ঃ মেহেরপুর-বুধবার ১৭ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ২ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২৩ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


## মেহেরপুরে জলা প্রশাসকের চত্বর থেকে প্রকাশ্যে অপহরণ, অভিযানে উদ্ধার



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে ঘটেছে চাঞ্চল্যকর অপহরণের ঘটনা। প্রতারণার মামলায় জামিনে মুক্তি পাওয়ার কিছুক্ষণ পরই জেলাপ্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ থেকে এক ব্যক্তিকে প্রকাশ্যে মারধর করে জোরপূর্বক মাইক্রোবাসে তুলে নিয়ে যায় একদল লোক। পরে সংবাদ পেয়ে পুলিশ দ্রুত অভিযান চালিয়ে অপহৃতকে উদ্ধার ও জড়িতদের আটক করেছে। আটকৃতরা হলো কাজিপুর গ্রামের লিটল হোসেন (৪২), জোড়পুকুরিয়া গ্রামের মিঠুন আলী (৩২), জিয়ারুল ইসলাম (৪৫), রামদেবপুর গ্রামের পারভেজ মোস্তাক (৫১),আসাদুল ইসলাম (৪৫), কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার তেকালা গ্রামের জিন্নাত হোসেন (৩২), সাপাত

২-এর পৃষ্ঠা দেখুন



ডিলার জিয়াউর রহমান



বিধবা বেনুয়ারা খাতুন

## গাংনীতে বিধবা বৃদ্ধার চাল আত্মসাৎ ডিলারের বিরুদ্ধে জাল টিপসহির অভিযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় নিয়োগপ্রাপ্ত ডিলার জিয়াউর রহমানের বিরুদ্ধে এক বিধবা বৃদ্ধার চাল আত্মসাৎ করার অভিযোগ উঠেছে। অভিযোগে বলা হয়েছে, তিনি ভুক্তভোগীর নামে জাল টিপসহি ব্যবহার করে চাল তুলে নেন।

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের খাসমহল গ্রামের ৭৫ বছর বয়সী বিধবা বেনুয়ারা খাতুন অভিযোগ করেছেন, আগস্ট মাসে তার প্রাপ্য ৩০ কেজি চাল ডিলার জিয়াউর রহমান আত্মসাৎ করেছেন। এ বিষয়ে তিনি কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন। বেনুয়ারা খাতুন জানান, অসুস্থতার কারণে গত আগস্ট মাসে তিনি নিজে চাল আনতে যেতে না পারায় আত্মীয়কে পাঠান। কিন্তু ডিলার চাল দেননি। পরে নিজে গিয়ে একাধিকবার

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে পর্নোগ্রাফি মামলায় লাবলুর ৩ বছর কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে পর্নোগ্রাফি মামলায় মো. লাবলু নামের এক ব্যক্তিকে তিন বছর কারাদণ্ড ও এক লক্ষ টাকা অর্থদণ্ড দিয়েছেন আদালত।গতকাল মঙ্গলবার(১৬ সেপ্টম্বর) দুপুরে মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. শাজাহান আলী এ আদেশ ঘোষণা করেন। আসামি লাবলু বাদীর সাবেক স্বামী। সংসারিক সমস্যার কারণে বাদী ২০২২ সালের ২৬ নভেম্বর তাকে তালাক দেন। বিবাহিত জীবনে আসামি গোপনে বাদীর কিছু আপত্তিকর ছবি ও ভিডিও ধারণ করেন। ডিভোর্সের পর তিনি ওই ছবি ও ভিডিও দেখিয়ে বাদীর কাছে এক লক্ষ টাকা দাবি করেন এবং সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়ার হুমকি দেন। এ ছাড়া পরিচিতজনদেরও এসব ছবি-ভিডিও দেখান বলে অভিযোগ রয়েছে। ঘটনার বিষয়ে বাদী পরিবারকে অবহিত করে র‍্যাবকে লিখিত অভিযোগ দেন। অভিযোগের ভিত্তিতে র‍্যাব-১২, সিপিসি মেহেরপুর গোপন তথ্যের ভিত্তিতে গাংনী বাজারস্থ সামাদ হোটেলের সামনে থেকে লাবলুকে আটক করে। এ সময় জিজ্ঞাসাবাদে তিনি ভিডিও ভাইরাল করার হুমকির কথা স্বীকার করেন। তার পরিহিত প্যান্টের পকেট থেকে একটি রেডমি নাইন সি অ্যান্ড্রয়েড ফোন, দুটি বাংলালিংক সিম এবং ৮ জিবি মেমোরি কার্ড জব্দ করা হয়। মোবাইল থেকে উদ্ধারকৃত আপত্তিকর ছবি ও ভিডিওর ছয় পাতার প্রিন্ট কপি আলামত হিসেবে সংগ্রহ করা হয়। মামলার তদন্ত শেষে অভিযোগপত্র দাখিল করে তদন্তকারী কর্মকর্তা। নথি ও সাক্ষ্যপ্রমাণ পর্যালোচনা করে আদালত তিন বছরের সশ্রম কারাদণ্ড ও এক লক্ষ টাকা অর্থদণ্ডের রায় দেন। রায় ঘোষণার পর আসামিকে কারাগারে পাঠানো হয়।



## আদালত পরিদর্শন করলেন হাইকোর্ট বিভাগের বিচারপতি জাফর আহমেদ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ সুপ্রিম কোর্ট হাইকোর্ট বিভাগের বিচারপতি জাফর আহমেদ এক দিনের সংক্ষিপ্ত সফরে মেহেরপুরে আসেন। সোমবার রাতে তিনি মেহেরপুর সার্কিট হাউসে পৌঁছালে জেলা ও দায়রা জজ এসএম নাসিম রেজা তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান। এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম, পুলিশ সুপার মনজুর আহমেদ

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগর থানা পুলিশের অভিযানে গ্রেফতার দুই

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর থানার পুলিশ ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখ রাত ১২টার পর থেকে বিশেষ অভিযান চালিয়ে ২ জন মামলাকারী আসামীকে গ্রেফতার করেছে। মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান প্রেসবিজ্ঞপ্তিতে জানান, গ্রেফতারকৃতদের মধ্যে রয়েছেন খুলনা জেলার ফুলতলা থানা এলাকার সৈয়দ ইসরাইল হোসেন রাজু (৪৩) এবং মুজিবনগর আনন্দবাস গ্রামের মোঃ জামাল হোসেন (৩৮)। সৈয়দ ইসরাইল হোসেন রাজুকে মুজিবনগর থানার এফআইআর নং ১০, তারিখ ২৯ আগস্ট ২০২৫ অনুযায়ী গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে দণ্ডবিধির

২-এর পৃষ্ঠা দেখুন



মেহেরপুরে অভিযান

## কাজলা নদীতে বিপুল পরিমাণ চায়না দুয়ারী জাল ধ্বংস

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কাজলা নদীতে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ চায়না দুয়ারী জাল উদ্ধার করে আগুনে পুড়িয়ে ধ্বংস করেছে উপজেলা প্রশাসন ও মৎস্য অফিস। গতকাল মঙ্গলবার

২-এর পৃষ্ঠা দেখুন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় হল সংসদ নির্বাচন

## সমাজসেবা সম্পাদক নির্বাচিত হলেন মেহেরপুরের জাঈমুল হাসান

নিজস্ব প্রতিবেদক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাকসু) সদ্য সমাপ্ত ১০ নং হল সংসদ



নির্বাচনে সমাজসেবা সম্পাদক পদে বিপুল ভোটে বিজয়ী হয়েছেন মেহেরপুরের ছেলে জাঈমুল হাসান। তিনি বিশ্ববিদ্যালয়ের আইন ও বিচার বিভাগের শিক্ষার্থী এবং মেহেরপুর শহরের বাসস্ট্যান্ডপাড়া এলাকার মিজানুর রহমানের ছেলে। নির্বাচনে জাঈমুল হাসান মোট ২১৫ ভোট পেয়ে নির্বাচিত হন, যা হল সংসদ নির্বাচনের সর্বোচ্চ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ইসলামী ছাত্রশিবিরের প্রার্থী শাহিন আলম পেয়েছেন ১১২ ভোট। বিজয় সম্পর্কে প্রতিক্রিয়া জানাতে গিয়ে জাঈমুল হাসান বলেন, “ভবিষ্যতে রাজনীতি করার পরিকল্পনা এখনো নেই। সাধারণ শিক্ষার্থী হিসেবেই শিক্ষার্থীদের পাশে থাকতে চাই। শিক্ষার্থীদের অধিকার

২-এর পৃষ্ঠা দেখুন

## কুতুবপুর ইউনিয়নে ফুটবল ও ভলিবল বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিভিন্ন বিদ্যালয়, মাদ্রাসা ও শিক্ষা প্রতিষ্ঠানে ফুটবল ও ভলিবল বিতরণ করা হয়েছে। এ উপলক্ষে গতকার মঙ্গলবার(১৬ সেপ্টম্বর) সকালে কুতুবপুর ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে প্রায় ৮০টি বল বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। তিনি কুতুবপুর ইউনিয়নের বিভি-ন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফুটবল ও ভলিবল বিতরণ করেন। কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন

২-এর পৃষ্ঠা দেখুন




## সদরে স্বাস্থ্য সহকারীদের মাসিক সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের উদ্যোগে সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্বাস্থ্য সহকারীদের মাসিক সভা (এসভা) অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার (১৬ সেপ্টম্বর) দুপুরে সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আনজুমান আরা। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী

২-এর পৃষ্ঠা দেখুন

## ভুয়া প্রমাণিত হলে বাদ যাবে জুলাই শহীদ ও যোদ্ধাদের নাম

সূর্যোদয় প্রতিবেদন

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় জানিয়েছে, জুলাই শহীদ ও জুলাই যোদ্ধাদের তালিকায় ভুয়া নাম প্রমাণিত হলে তা বাদ দিয়ে নতুন করে গেজেট প্রকাশ করা হবে। পাশাপাশি এর সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) এক ব্যাখ্যায় মন্ত্রণালয় এ তথ্য জানায়। ব্যাখ্যায় বলা হয়, সম্প্রতি কিছু গণমাধ্যমে “ভুয়া জুলাই শহীদ ও জুলাই যোদ্ধা” শিরোনামে সংবাদ প্রকাশিত হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের দৃষ্টি আকৃষ্ট হলে তা গুরুত্বের সঙ্গে খতিয়ে দেখা হচ্ছে। মন্ত্রণালয় জানায়, স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে প্রাপ্ত এমআইএসভুক্ত তালিকা

২-এর পৃষ্ঠা দেখুন



## ইউনিয়ন কর্মকর্তাদের রিফ্রেশার্স প্রশিক্ষণ উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তাদের অভ্যন্তরীণ রিফ্রেশার্স প্রশিক্ষণ উদ্বোধন করা হয়েছে। এর আগে নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। গতকাল মঙ্গলবার(১৬ সেপ্টম্বর) সকালেই জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাখাপি ইবনে

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর:(বিএসএফের বাঁধে জলাবদ্ধতা ক্ষতির মুখে শত শত কৃষক)

শয়তানি যে কত প্রকার  
বিএসএফ তা জানে  
কাল ভোটের মুখ বন্ধ করে  
বাংলাদেশীদের মারে।  
বাংলার ফসল নষ্ট হলে  
খুশিতে হয় ডগো মগো  
ইন্ডিয়ানদের মারতে হলে  
নতুন কিছু ভাবো।  
এন্টি কালভার্ট তৈরি করে  
পানিকে দাও ফিরিয়ে  
ইন্ডিয়ানদের চৌদ্দগুষ্টি  
পানিতে মারো ডুবিয়ে।  
সজাগ দৃষ্টি রাখতে হবে  
না পারে যেন পানি ছাড়তে  
এমন শিক্ষা দিতে হবে  
বাধ্য হবে তা মানতে।



## ভোক্তা-অধিকারের অভিযানে নার্সিং হোমে জরিমানা

নিজস্ব প্রতিবেদক, চুয়াডাঙ্গা

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের তদারকিমূলক অভিযানে আলমডাঙ্গার কনা নার্সিং হোমকে ৪০,০০০ টাকা জরিমানা করা হয়েছে। অভিযানে মেয়াদোত্তীর্ণ ডেঙ্গু ও ইউরিন টেস্ট কীট সংরক্ষণ ও ব্যবহার করার তথ্য পাওয়া যায়।

২-এর পৃষ্ঠা দেখুন



## দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দুদকের অভিযান

নিজস্ব প্রতিবেদক, চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে গতকাল মঙ্গলবার (১৬ সেপ্টম্বর) সকাল সাড়ে ১০টায় অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। অভিযানে খাবারের মান পরীক্ষা ও হাসপাতালের অপারেশন রেকর্ডের প্রাথমিক সত্যতা

২-এর পৃষ্ঠা দেখুন


মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী

প্লাস্টিক সামগ্রী

খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক

• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ

• আর এফ এল

• আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
ঢাকা ॥ বুধবার ॥ ২ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১৭ সেপ্টেম্বর ২০২৫ইং

# লুণ্ঠিত-অবৈধ অস্ত্র নির্বাচনী নিরাপত্তায় বড় ঝুঁকি

সূর্যোদয় প্রতিবেদন

দেশের বিভিন্ন থানায় ভয়াবহভাবে লুণ্ঠিত অস্ত্র ও গোলাবারুদ নির্বাচনী পরিবেশকে ঝুঁকিতে ফেলেছে বলে সতর্কতা জারি করেছে আইনশৃঙ্খলা বাহিনী ও নিরাপত্তা বিশ্লেষকরা। গত ৫ আগস্ট থেকে শুরু হওয়া সহিংসতায় পুলিশের ব্যারাক, থানা ও বিশাল অস্ত্রাগার থেকে বিপুল পরিমাণ আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ লুণ্ঠিত হওয়ার পর পরিস্থিতি আরো জটিল রূপ নেয়। সরকারি ও পুলিশি হিসাব অনুযায়ী, গত এক বছরে মোট প্রায় ছয় হাজার আগ্নেয়াস্ত্র লুণ্ঠিত হয়েছে; সেগুলো থেকে চার হাজারের বেশি উদ্ধার করা গেলেও এখনও প্রায় এক হাজার তিনশোটি অস্ত্র অনুপস্থিত। গোলাবারুদের হিসাবও উদ্বেগজনক ড় লুণ্ঠিত ছয় লাখেরও বেশি রাউন্ডের মধ্যে প্রায় আড়াই লাখ এখনও খুঁজে পাওয়া যায়নি। সরকারি হিসাব বলছে, ৫ আগস্টের ঘটনায় ২ হাজার ৪০০-এরও বেশি অস্ত্র এবং সাড়ে তিন লাখের বেশি গুলি ছিনতাই হয়েছিল; পরিস্থিতি প্রধানত ঢাকা, নারায়ণগঞ্জ, কুমিল্লা, গাজীপুর ও চট্টগ্রামে গুরুতর। এক পুলিশ কর্মকর্তা (নাম প্রকাশে অনিচ্ছুক) বলেন, "অস্ত্রগুলো বিভিন্ন জেলায় ছড়িয়ে আছে । নির্বাচনী সময়ে রাজনৈতিক সহিংসতায় এসব অস্ত্র কোনো বড় ধাক্কা হয়ে দাঁড়াতে পারে।" তিনি আরও বলেন, "আগে লাঠি-পাড়া বা দেশীয় অস্ত্র ভূমিকা রাখলেও এখন শটগান, রাইফেল ও রিভলবার থাকায় সংঘর্ষ প্রাণঘাতী হয়ে উঠতে পারে।" পুলিশ সদস্যদের মধ্যে হতাশা ও ভয়ের পরিবেশও গভীর উদ্বেগের বিষয়। হামলার সময় অনেকেই পিছু হটার ঘটনা ঘটায় মনোবলের সংকট উভয়ভাবে নির্বাচনী নিরাপত্তার ওপর প্রভাব ফেলতে পারে। পুলিশ সদর দপ্তর স্বীকার করেছে যে প্রশিক্ষণের ঘাটতি রয়েছে; তাই দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম নেওয়া হচ্ছে। ঢাকায় জরুরি ভিত্তিতে ৩১ আগস্ট থেকে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে এবং ১৫ সেপ্টেম্বর থেকে জেলা পর্যায়ে তা সম্প্রসারণ করা হবে। সরকারের পরিকল্পনা অনুযায়ীড়ডিসেম্বরে দেড় লাখ সদস্যকে নির্বাচনী দায়িত্ব পালনের উপযোগী করে তোলা লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। প্রশিক্ষণে নিরপেক্ষতা, শৃঙ্খলা, ভিড় নিয়ন্ত্রণ ও নির্বাচনী দায়িত্ব পালনের কৌশ্য অত্যন্ত জোরদারভাবে শেখানো হবে। সাবেক আইজিপি নুরুল

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## স্মৃতিশক্তি বাড়াতে সন্তানকে ৬ খাবার দিতে পারেন

সূর্যোদয় প্রতিবেদন

পড়াশোনায় মন দেয়েও সন্তান কখনো কিছু মনে রাখতে পারছে না? বিশেষজ্ঞরা বলছেন, মস্তিষ্কের স্বাস্থ্যের দিকে পর্যাপ্ত মনোযোগ না দিলে স্মৃতিশক্তি কমতে পারে। তাই নিয়মিত খাদ্যাভ্যাসে কিছু খাবার অন্তর্ভুক্ত করা জরুরি। মস্তিষ্কের কার্যকারিতায় পুষ্টি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিছু খাবার খেলে বুদ্ধিমত্তা বাড়তে পারে। সমস্ত প্রয়োজনীয় পুষ্টির সঙ্গে একটি সুষম ডায়েট শিশুদের মস্তিষ্কের বিকাশে সহায়তা করে। সুতরাং আসুন ৬টি খাবারের দিকে নজর দেওয়া যাক যা শিক্ষার্থীদের স্মৃতিশক্তি উন্নত করতে সহায়তা করতে পারে। ডিম সবচেয়ে পুষ্টিকর খাবারগুলির মধ্যে একটি। ডিম কোলিন, ভিটামিন ই১২, প্রোটিন এবং সেলেনিয়ামের মতো পুষ্টিতে সমৃদ্ধ। যা মস্তিষ্কে পুষ্টি জোগাতে সাহায্য করে। কোলিন মস্তিষ্কের বিকাশের জন্য অপরিহার্য। সেদ্ধ ডিম, অমলেট ইত্যাদি সকালের জলখাবারে

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় ভৈরব নদীর পানি বৃদ্ধি দুই গ্রামের যোগাযোগ বিচ্ছিন্ন

নিজস্ব প্রতিবেদক, চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার জীবননগরে টানা বৃষ্টিপাতের ফলে সিংনগর বাঁওড় ভেঙে ভৈরব নদীতে অস্বাভাবিক পানি বৃদ্ধি পেয়েছে। এতে তীব্র স্রোতে মনোহরপুর ও ধোপাখালি গ্রামের মধ্যে যোগাযোগ বন্ধ হয়ে গেছে এবং প্রায় ৭০০ বিঘা কৃষিজমি ফসলবীজের ঝুঁকিতে পড়েছে। জানা গেছে, টানা কয়েকদিনের ভারী বৃষ্টিপাতের কারণে জীবননগর সিংনগর বাঁওড় ভেঙে ভৈরব নদীতে পানি হঠাৎ বৃদ্ধি পেয়েছে। সোমবার (১৫ সেপ্টেম্বর) থেকে নদীতে তীব্র স্রোত

৩-এর পৃষ্ঠা দেখুন

## পরিবেশ সুরক্ষায় ব্যক্তিরও দায়িত্ব রয়েছে: পরিবেশ উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

পরিবেশ ও বন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, পরিবেশ সুরক্ষায় সরকারের পাশাপাশি ব্যক্তিরও দায়িত্ব রয়েছে। ব্যক্তিগত উদ্যোগ ছাড়া টেকসই পরিবেশ নিশ্চিত করা সম্ভব নয়। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে পরিবেশ অধিদপ্তরের মিলনায়তনে 'বিশ্ব ওজোন দিবস-২০২৫' উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সৈয়দা রিজওয়ানা বলেন, "সরকার বন রক্ষা ও নীতি প্রণয়নে কাজ করছে। কিন্তু কিছু বিষয় রয়েছে, যা ব্যক্তির চয়েজ বা ইচ্ছার ওপর নির্ভর করে। যেমনড়আপনি কতক্ষণ এসি চালাবেন, ঘর কতটা পরিবেশবান্ধব করবেন কিংবা ভেন্টিলেশনের ব্যবস্থা রাখবেন কিনাড়এসবই ব্যক্তিগত দায়িত্ব। আমাদের প্রত্যেককে এই দায়িত্ব

৩-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে দূর্গাপূজা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে আসন্ন দুর্গাপূজা উপলক্ষে গতকাল মঙ্গলবার (১৬ সেপ্টম্বর) সকাল সাড়ে ১০টায় উপজেলা পরিষদের সভাকক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানি ইসরাইল, মুক্তিযোদ্ধা কমান্ডার ও বিএনপির প্রবীণ নেতা মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা, গাংনী মডেল মসজিদের ইমাম জাহিদুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশন গাংনী উপজেলা শাখার ফিল্ড সুপারভাইজার মনিরুল ইসলাম, উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি ধিরেন দাস ও সাধারণ সম্পাদক সুশান্ত কুমার পাত্র। সভায় উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি,

৩-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজে নবীনবরণ অনুষ্ঠান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজে ২০২৫ সালের অনার্স প্রথম বর্ষ ও একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ইসমাইল হোসেন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দিন, যিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, "তোমরা পড়াশোনা করবে, শিক্ষক-গুরুজনকে সম্মান করবে এবং সমাজে কোনো অন্যায়ের বিরুদ্ধে যুক্তিসঙ্গতভাবে কথা বলবে। তোমাদের নেতৃত্বে ভবিষ্যতে একটি সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে উঠবে।" কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক হেলাল উদ্দিন, ছাত্র উপদেষ্টা মোঃ মফিজুল ইসলাম ও অন্যান্য শিক্ষার্থীরাও বক্তব্য রাখেন। অধ্যক্ষ বিশেষভাবে শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে নিয়মিত উপস্থিতির গুরুত্ব তুলে ধরে বলেন, "আগামীতে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ ছাড়া কেউ

৩-এর পৃষ্ঠা দেখুন




## কোনো সরকার নাগরিকের মৌলিক অধিকার বঞ্চিত করতে পারে না : ড. ইউনূস

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, কোনো সরকার নাগরিকের মৌলিক সাংবিধানিক অধিকার থেকে বঞ্চিত করার অধিকার রাখে না। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) রাজধানীর ঢাকেশ্বরী মন্দির পরিদর্শনকালে তিনি এ মন্তব্য করেন। ড. ইউনূস বলেন, "পুরো বাঙালি জাতি একটি বড় পরিবার। সরকারের

৩-এর পৃষ্ঠা দেখুন

## পিআর একটি সুপরিকল্পিত মাস্টারপ্ল্যান: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন (পিআর) ব্যবস্থা একটি সুপরিকল্পিত মাস্টারপ্ল্যান। এ পদ্ধতিতে নির্বাচন হলে জনগণ বিভ্রান্তির শিকার হবে। রাজধানীর বারিধ-ারায় জামিয়া মাদানিয়া মাদরাসায় ক্যানসার আক্রান্ত হেফাজতে ইসলামের নেতা মাওলানা এনামুল হাসান ফারুকীর সঙ্গে সাক্ষাৎ ও আর্থিক সহায়তা প্রদানের পর সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, "একটি ইসলামি দল পিআরের জন্য তুমুল

৩-এর পৃষ্ঠা দেখুন




## ইসরায়েলকে ঠেকাতে যৌথ প্রতিরক্ষা সক্রিয় করতে চায় মুসলিম দেশগুলো

সূর্যোদয় প্রতিবেদন

কাতারের রাজধানী দোহায় এক জরুরি শীর্ষ সম্মেলনে আরব ও ইসলামি দেশগুলোর নেতারা ইসরায়েলের গত বিমান হামলাকে কাপুরুষতা ও বিশ্বাসঘাতকতা হিসেবে আখ্যা দিয়ে তীব্র সমালোচনা করেছেন। সম্মেলনের এক প্রধান সিদ্ধান্ত ছিল উপসাগরীয় সহযোগিতা পরিষদ (জিসিসি)-এর পক্ষ থেকে যৌথ প্রতিরক্ষা ব্যবস্থাকে সক্রিয় করার ঘোষণা। সম্মেলন উদ্বোধন করেন কাতারের আমির শেখ তামিম

৩-এর পৃষ্ঠা দেখুন

## দেশে কোনো উত্তাপ পরিস্থিতি চায় না বিএনপি

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বিএনপি জানিয়েছে, এ মুহূর্তে দেশে কোনো উত্তাপ পরিস্থিতি তারা চায় না। দলটির দাবি, দেশের জনগণ ও গণতন্ত্রের স্বার্থেই তারা সর্বোচ্চ ধৈর্যের পরিচয় দেবে। ব্যবসা-বাণিজ্যসহ দেশের সার্বিক পরিস্থিতি ক্ষতিগ্রস্ত হতে পারেড়এমন কিছুতে বিএনপি জড়াতে চায় না। তবে তাদের সন্দেহ, একটি মহল ইস্যু তৈরি করে দেশকে অস্থিতিশীল করার চেষ্টা করছে। প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের প্রতিশ্রুতির

৩-এর পৃষ্ঠা দেখুন

## দুর্গাপূজা উপলক্ষে ভারতে যাবে ১২শ টন ইলিশ

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন দুর্গাপূজা উপলক্ষে বাংলাদেশ থেকে ভারতে ১ হাজার ২০০ মেট্রিক টন ইলিশ রপ্তানির অনুমতি দিয়েছে সরকার। এর জন্য ৩৭টি প্রতিষ্ঠানকে শর্তসাপেক্ষে

৩-এর পৃষ্ঠা দেখুন

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
QUDRAT-E-KHUDA CLINIC & LAB 2009 MUJIBNAGAR MEHERPUR
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

প্রযুক্তি

## ফোন দ্রুত গরম হচ্ছে

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘক্ষণ ব্যবহার করলে স্মার্টফোন গরম হয়ে যাওয়া খুব সাধারণ সমস্যা। বিশেষ করে গেম খেলা, দীর্ঘ সময় ভিডিও রেকর্ড করা বা ভারী এডিটিং করার সময় ফোন দ্রুত গরম হয়। এই সমস্যা দূর করতেই আধুনিক ফোনে যুক্ত হচ্ছে লিকুইড কুলিং বা তরল-শীতলীকরণ প্রযুক্তি, যা ডিভাইসকে নিজে থেকেই ঠান্ডা রাখে। স্মার্টফোন নির্মাতারা গরমের সমস্যা এড়াতে ফোনের ভেতরে বসাচ্ছেন বিশেষ পাইপ বা চেম্বার। তার মধ্যে রাখা হয় এক ধরনের তরল পদার্থ। ফোন গরম হলে ওই তরল দ্রুত বাষ্পে পরিণত হয়ে ঠান্ডা জায়গায় চলে যায় এবং সেখানেই আবার তরলে রূপান্তরিত হয়। এরপর ফের গরম জায়গায় গিয়ে বাষ্পে পরিণত হয়। এই চক্র অব্যাহতভাবে চলতে থাকে, ফলে ফোনের প্রসেসার ঠান্ডা থাকে। প্রযুক্তিবিদরা জানান, স্যামসাং ও ওয়ান প্লাস এই ব্যবস্থা ব্যবহার করছে 'বাষ্প চেম্বার শীতলীকরণ' নামে। অন্যদিকে শাওমি ও রিয়েলমি একে ডাকে 'তরল-শীতলীকরণ' প্রযুক্তি। এই প্রযুক্তি ব্যবহারের ফলে দীর্ঘ সময় ব্যবহারেও ফোন অতিরিক্ত গরম হবে না বলে দাবি করছে বিশেষজ্ঞরা।



মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বুধবার, ১৭ সেপ্টেম্বর ২০২৫ ইং

## বিএসএফের বাঁধে জলাবদ্ধতা : কৃষকের দুর্দশা নিরসনে জরুরি পদক্ষেপ দরকার

মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা গ্রামে শত শত কৃষক আজ ভয়াবহ বিপর্যয়ের মুখে। ভারতের নদীয়া জেলার ব্রজনাতপুর সীমান্তে কালভার্টের মুখ বিএসএফ সদস্যরা পলিথিন ও বাঁশ দিয়ে আটকে দেওয়ায় জমে থাকা পানি নিষ্কাশনের পথ বন্ধ হয়ে গেছে। ফলে বিস্তীর্ণ মাঠ পানিতে ডুবে গিয়ে অন্তত ৫০০ একর জমির ফসল নষ্ট হয়েছে। মাঠজুড়ে জমে থাকা পানির দৃশ্য বন্যাকবলিত এলাকার মতো মনে হলেও এর মূল কারণ মানবসৃষ্টড়পাশের দেশের অযৌক্তিক পদক্ষেপ। কৃষকের প্রধান ভরসা আমন ধানসহ মৌসুমি ফসল। অথচ এই জলাবদ্ধতায় আমন ধানসহ নানা ফসল নষ্ট হয়ে গেছে, ভবিষ্যতেও জমি অনাবাদি হয়ে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে। শুধু কৃষক নয়, এ ক্ষতি সরাসরি দেশের খাদ্য নিরাপত্তাকেও হুমকির মুখে ফেলবে। গ্রামীণ অর্থনীতি টিকিয়ে রাখতে কৃষিজ উৎপাদনের বিকল্প নেই। এমন পরিস্থিতিতে বাংলাদেশ-ভারত সীমান্তবর্তী এলাকায় সমন্বিত উদ্যোগ অপরিহার্য। স্থানীয় প্রশাসন, পররাষ্ট্র মন্ত্রণালয় ও সীমান্তরক্ষী বাহিনীর দ্রুত হস্তক্ষেপের মাধ্যমে সমস্যার সমাধান করতে হবে। সীমান্ত এলাকায় প্রতিবছরই এ ধরনের জলাবদ্ধতা দেখা দিলে কৃষক ক্ষতিগ্রস্ত হবে, দেশের খাদ্য উৎপাদন ব্যাহত হবে, যা একেবারেই অগ্রহণযোগ্য। সরকারি উদ্যোগে জরুরি ভিত্তিতে জলাবদ্ধতা নিরসনের ব্যবস্থা নিতে হবে এবং ভবিষ্যতে যাতে এ ধরনের ঘটনা আর না ঘটে তার নিশ্চয়তা দিতে হবে। সীমান্তপারের যে কোনো সমস্যাই আলোচনার মাধ্যমে সমাধান সম্ভব এটি দুই দেশের সম্পর্কের স্বার্থেই জরুরি। কৃষকের ঘাম-ঝরানো পরিশ্রম ও দেশের খাদ্য নিরাপত্তা কোনোভাবেই অবহেলার শিকার হতে পারে না।কৃষক বাঁচলে দেশ বাঁচবে। তাই সহড়াতলার মাঠ থেকে জলাবদ্ধতা দূর করতে এখনই কার্যকর পদক্ষেপ নেওয়া সময়ের দাবি।

## গাংনীতে বিধবা বৃদ্ধার চাল আত্মসাৎ

(প্রথম পৃষ্টার পর)

চেষ্টা করেও চাল পাননি। যদিও চলতি সেপ্টেম্বর মাসের বরাদ্দ তিনি পেয়েছেন, তবে আগস্ট মাসের চাল এখনো পাননি। তার অভিযোগ, "আমার নামে জাল টিপসহি দিয়ে ডিলার চাল আত্মসাৎ করেছেন। আমি এ ঘটনার সঠিক বিচার চাই।" অভিযোগ প্রসঙ্গে গাংনী উপজেলা খাদ্য কর্মকর্তা ইসরাত জাহান বলেন, কাথুলী ইউনিয়নের ৩৩৪ জন সুবিধাভোগীর মধ্যে বেনুয়ারা খাতুনের নাম ১৪০ নম্বরে রয়েছে। ডিলার ২৭ আগস্ট তার টিপসহি দেওয়া তালিকা জমা দিয়েছেন। তবে জাল টিপসহি বা অনিয়মের প্রমাণ পাওয়া গেলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি আশ্বস্ত করেন। ডিলার জিয়াউর রহমান, গাড়াবাড়িয়া গ্রামের খলিলুর রহমানের ছেলে এবং গাড়াবাড়িয়া নিম্নমাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক, প্রথমে দাবি করেন যে বেনুয়ারা খাতুন আগস্ট মাসে চাল নিতে আসেননি। তবে টিপসহির বিষয়ে জিজ্ঞেস করলে তিনি প্রথমে গড়িমশি করেন, পরে স্বীকার করেন যে "ভুল হয়েছে।" এ বিষয়ে গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. আনোয়ার হোসেন বলেন, লিখিত অভিযোগ পাওয়া গেলে তদন্ত করে সত্যতা প্রমাণিত হলে ডিলারশিপ বাতিলসহ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## মেহেরপুরে জলা প্রশাসকের চত্বর

(প্রথম পৃষ্টার পর)

আলী (৫০), রাজ্জাক (৬৫), পরাগপুর বীরগাছী গ্রামের শিপলু (৪৫), মাইক্রোবাস চালক হোসেন আলী (২৫)। গতকাল মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) বেলা ১২টার দিকে জেলা প্রশাসকের কার্যাল চত্বরে শত শত মানুষের উপস্থিতিতে ঘটনাটি ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার তারাগুনিয়া গ্রামের আব্দুল মালেকের ছেলে নুরুজ্জামান বিদেশে পাঠানোর আশ্বাস দিয়ে গাংনী উপজেলার রামদেবপুর গ্রামের পারভেজ মোস্তাকিমের কাছ থেকে মোটা অঙ্কের টাকা নেন। কিন্তু প্রতিশ্রুতি অনুযায়ী বিদেশে পাঠাতে ব্যর্থ হন তিনি। এ ঘটনায় প্রতারিত পারভেজ মেহেরপুর আমলি আদালতে মামলা করেন। আজ সেই মামলায় জামিন পাওয়ার পর আদালত থেকে বের হয়ে জেলপ্রশা সককের কার্যলয় চরে প্রবেশ করে। এসময় জেলাপ্রশাসকের কার্যলয় প্রাঙ্গণে হঠাৎ একদল লোক নুরুজ্জামানকে ঘিরে ফেলে ও বেদম মারধর করে। পরে তাকে জোর করে একটি মাইক্রোবাসে তোলে। এসময় কয়েকজন স্থানীয় বাধা দিলে তাদেরও মারধর করা হয়। এতে মুহূর্তেই আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশ দ্রুত অভিযান শুরু করে। মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাঁশবাড়িয়া এলাকায় পুলিশের তল্লাশিতে মাইক্রোবাসটি আটক হয়। ওই গাড়ি থেকে নুরুজ্জামানকে উদ্ধার করা হয় ও অপহরণে জড়িত ১০ জনকে গ্রেফতার করা হয়। বর্তমানে তারা মেহেরপুর সদর থানা হেফাজতে রয়েছেন। অপহৃত নুরুজ্জামানের ভাই রাজু আহমেদ জানান, নুরুজ্জামান কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার তারাগুনিয়া গ্রামের মৃত আফজাল মালিথার ছেলে। তার বিরুদ্ধে গাংনী উপজেলার রামদেবপুর গ্রামের পারভেজ আশরাফ একটি মামলা করেন। মামলাটি ২৭ লাখ টাকার আর্থিক লেনদেন নিয়ে, যা বিদেশ গমনের জন্য নেওয়া হয়েছিল বলে অভিযোগ রয়েছে। মামলার বাদী পারভেজ আশরাফের দাবি, নুরুজ্জামান টাকা নেওয়ার পর বিদেশ পাঠানোর প্রক্রিয়া সম্পন্ন করেননি। এ কারণে তার বিরুদ্ধে বিশ্বাসভঙ্গ, প্রতারণা ও হুমকি প্রদানের অভিযোগে মেহেরপুর জজ আদালতে মামলা করা হয়। রাজু আহমেদের দাবি, পারভেজ আশরাফ ও তার সহযোগীরা এ ঘটনার সঙ্গে সরাসরি জড়িত। আদালত এক মাসের জন্য নুরুজ্জামানের জামিন মঞ্জুর করলে বাদী পক্ষ ক্ষিপ্ত হয়ে ওঠে ও আদালত চত্বর থেকে তাকে অপহরণের চেষ্টা চালায়। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দিন জানান, খবর পাওয়ার পর পুলিশ দ্রুত অভিযান চালায় ও বাঁশবাড়িয়া এলাকা থেকে মাইক্রোবাসসহ অপহরণকারীদের গ্রেফতার করে। নুরুজ্জামানকে অক্ষত অবস্থায় উদ্ধার করা হয়েছে।

## সমাজসেবা সম্পাদক নির্বাচিত হলেন

(প্রথম পৃষ্টার পর)

আদায়ে লড়ে যেতে চাই। রাজনীতি করবো কিনা, সেটি ভবিষ্যতে সিদ্ধান্ত নেব।"

## দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

(প্রথম পৃষ্টার পর)

যাচাই করা হয়। দুদকের ঝিনাইদহ সমন্বিত কার্যালয়ের উপ-পরিচালক তরুণ কান্তি ঘোষ অভিযানে নেতৃত্ব দেন। এ সময় অতিরিক্ত পরিচালক খালিদ মাহমুদও উপস্থিত ছিলেন। হাসপাতালের রান্নাঘরে রোগীদের খাবারের মান পরীক্ষা করে দেখা যায়, নির্ধারিত পরিমাণ মাছ সরবরাহ করা হচ্ছে না। পাশাপাশি, কিছু অপারেশন রেকর্ড ভুয়া হিসেবে ধরা পড়েছে। উপ-পরিচালক তরুণ কান্তি ঘোষ জানান, সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে অভিযান চালানো হয়েছে। খাবার সরবরাহে অনিয়ম ও ভুয়া অপারেশন রেকর্ডের প্রাথমিক প্রমাণ পাওয়া গেছে। তবে আরও কিছু অভিযোগ যাচাই-বাছাই চলছে। কমপ্লেক্সের ভারপ্রাপ্ত উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. হেলেনা আক্তার নীপাকে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বদলি করা হয়েছে।

## কুতুবপুর ইউনিয়নে ফুটবল ও

(প্রথম পৃষ্টার পর)

ইউপি সদস্য আরিফুল ইসলাম, প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ ও মুস্তাফিজুর রহমান। প্রধান অতিথি মোঃ খায়রুল ইসলাম তার বক্তব্যে বলেন, "এ অঞ্চলে মাদকের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। শিক্ষার্থীদের মাদকের প্রভাব থেকে রক্ষা করতে হলে খেলার মাঠে আসতে হবে এবং খেলাধুলার মাধ্যমে সুস্থ ও সক্রিয় জীবনধারা গড়ে তুলতে হবে।" উল্লেখ্য, এডিপি অর্থায়নে প্রাপ্ত এই খেলাধুলার উপকরণ শিক্ষার্থীদের মধ্যে শারীরিক সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি মনোযোগ ও দলবদ্ধ কাজের দক্ষতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## ভোক্তা-অধিকারের অভিযানে নার্সিং

(প্রথম পৃষ্টার পর)

গতকাল মঙ্গলবার (১৬ সেপ্টম্বর) সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত

## বহুদলীয় গণতন্ত্রের পতাকা হাতে নিয়ে বিএনপি মানুষের হৃদয় জয় করে

সৈয়দ আনোয়ার



বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) যার জন্ম ১৯৭৮ সালের ১লা সেপ্টেম্বর, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের হাত ধরে। স্বাধীনতার পর দমবন্ধ রাজনৈতিক আবহে এই দলের আবির্ভাব ছিল যেন মুক্তির শ্বাস। বহুদলীয় গণতন্ত্রের পতাকা হাতে নিয়ে বিএনপি দ্রুত মানুষের হৃদয়ে জায়গা করে নেয়। আর ১৯৯১ সালে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার মধ্য দিয়ে প্রমাণ করে, এ দল কেবল একটি রাজনৈতিক সংগঠন নয়, বরং জনগণের আকাঙ্ক্ষার প্রতিচ্ছবি। কিন্তু ইতিহাসের পথ কখনোই মসৃণ নয়। বিএনপিকেও মোকাবিলা করতে হয়েছে নানা প্রতিকূলতা সামরিক শাসনের প্রতিবন্ধকতা, স্বৈরতান্ত্রিক নিপীড়ন, হাজারো মামলা, কারাবরণ ও দমন-পীড়ন। প্রতিবারই দলটি ভেঙে পড়েনি, বরং জনগণের শক্তিকে সঙ্গে নিয়ে আবারও দাঁড়িয়েছে। এটাই বিএনপির শক্তি, এটাই বিএনপির ইতিহাস। আজ আবারও সেই চ্যালেঞ্জের মুখে দাঁড়িয়ে দলটি। প্রতিপক্ষ শুধু মাঠে নয়, সামাজিক যোগাযোগমাধ্যমেও সক্রিয়। ভুয়া আইডি থেকে চালানো হচ্ছে অপপ্রচার ও উসকানিমূলক প্রচারণা। দুঃখজনকভাবে, অনেক সময় না বুঝেই বিএনপির সমর্থকেরাই সেসব শেয়ার করছেন। এতে লাভবান হচ্ছে কেবল প্রতিপক্ষ, আর ক্ষতিগ্রস্ত হচ্ছে দল। প্রশ্ন জাগে-দলপ্রেম কি এভাবেই প্রকাশ পায়? প্রকৃত দলপ্রেম মানে হলো দলের পাশে দাঁড়ানো। ভুল হলে তা সংশোধনের চেষ্টা করা, কিন্তু প্রকাশ্যে দলের ক্ষতি না করা। ভুলত্রুটি থাকতেই পারে, তবে তার জায়গা হলো দলীয় ফোরাম, প্রকাশ্য মঞ্চ নয়। একজন প্রকৃত দলপ্রেমী জানেন-দল হারলে তিনি-ও হারবেন, আর দল জিতলে সেই জয়ের অংশীদার হবেন তিনিও। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান সম্প্রতি দুটি সতর্কবাণী দিয়েছেন: ১. "আগামী নির্বাচন সহজ হবে না।" ২. "অদৃশ্য শক্তির সঙ্গে লড়াই করতে হবে।"

ডাকসু নির্বাচনে ছাত্রদলের পরাজয় ঘোষণার মধ্য দিয়ে তারেক রহমানের বক্তব্যের বাস্তবতা স্পষ্ট হয়ে উঠছে। কাজেই এই দুটি বাক্য কেবল সতর্কবার্তা নয়, বরং ভবিষ্যতের রাজনৈতিক বাস্তবতার খোলামেলা স্বীকারোক্তি। নির্বাচন হবে কঠিন, প্রতিপক্ষ থাকবে শক্তিশালী, আর অদৃশ্য চাপ হবে ভয়ঙ্কর। এ পরিস্থিতি মোকাবিলায় বিএনপির ভরসা একটাই-ঐক্য ও জনগণের ভালোবাসা। এখন প্রয়োজন তৃণমূল পর্যায়ে সংগঠনকে শক্তিশালী করা। জনগণের সুখ-দুঃখে পাশে দাঁড়ানো এবং তাদের আস্থা পুনরুদ্ধার করা। কারণ রাজনীতির আসল পুঁজি হলো মানুষের ভালোবাসা। দল দাঁড়ালে ব্যক্তি দাঁড়াবে, আর ব্যক্তি দাঁড়ালে সমগ্র এলাকা দাঁড়িয়ে যাবে।

বিএনপির ইতিহাস প্রতিকূলতার ইতিহাস, আবার ঘুরে দাঁড়ানোর ইতিহাসও বটে। আজকের চ্যালেঞ্জ নতুন হলেও সমাধান পুরোনো-ঐক্য, দায়িত্ববোধ ও জনগণের পাশে দাঁড়ানো। দল যদি ভুয়া প্রচারণার ফাঁদে না পড়ে, জনগণের আস্থা পুনর্গঠন করতে পারে, তবে আগামীর লড়াইয়েও বিজয় তার নাগালে থাকবে। কারণ, রাজনীতির মূলে আছে মানুষের ভালোবাসা-যেখানে ভালোবাসা আছে, সেখানেই শক্তি, সেখানেই জয়।

(সংবাদকর্মী, হোমনা,কুমিল্লা।)

## বিয়ের আগে প্রেম, ধর্ম ও সমাজের দ্বন্দ্ব

জাহেদুল ইসলাম

মানুষের হৃদয় প্রেমে স্পন্দিত হয়, আবেগে আন্দোলিত হয়। প্রেমই তাকে করে কোমল, স্বপ্নময় এবং কল্পনার জগতে ভাসিয়ে নিয়ে যায়। কিন্তু প্রশ্ন হলো প্রেমের নামে যা কিছু ঘটে, সবই কি প্রকৃত প্রেম? নাকি কখনো তা হয়ে ওঠে আত্মপ্রবঞ্চনা, ক্ষণস্থায়ী আকর্ষণ, কিংবা নিষিদ্ধ পথের গোপন অভিযাত্রা? আমাদের সমাজে দিন দিন বেড়ে চলেছে একটি প্রবণতা বিয়ের আগে অবৈধ প্রেম, গোপন সাক্ষাৎ আর লুকোচুরি সম্পর্ক, তারপর একসময় সেই প্রেমকে বৈধ করার জন্য বিয়ে। ধর্ম, নৈতিকতা ও সমাজড়সব কিছুর সামনে এই প্রশ্ন অনিবার্য হয়ে ওঠে: এমন প্রেম কি সত্যিই বৈধ, নাকি এটি কেবল অবৈধতার স্মৃতি নিয়ে শুরু হওয়া বৈধতার এক খণ্ডিত প্রচেষ্টা? ইসলামের দৃষ্টিতে বিবাহ পবিত্র একটি প্রতিষ্ঠান, যার মাধ্যমে মানবজীবনে স্থাপিত হয় শুচিতা ও প্রশান্তি। মহান আল্লাহ কুরআনে ঘোষণা করেছেনড়"আর তোমরা ব্যভিচারের নিকটেও যেও না। নিশ্চয়ই এটি অশ্লীল কাজ এবং মন্দ পথ"।একইসঙ্গে তিনি আরেক জায়গায় বলেছেন "আর তার নিদর্শনসমূহের মধ্যে একটি হলো, তিনি তোমাদের জন্য তোমাদের মধ্য থেকেই সৃষ্টি করেছেন সঙ্গিনী, যাতে তোমরা তাদের কাছে প্রশান্তি পাও, আর তিনি তোমাদের মধ্যে সৃষ্টি করেছেন ভালোবাসা ও দয়া"। এই দুটি আয়াতই আমাদের সামনে খুলে দেয় একটি পরিস্কার পথ প্রেম বৈধ, কিন্তু তা কেবল বিবাহের মাধ্যমে; প্রেম নিষিদ্ধ, যখন তা বিবাহের সীমানার বাইরে। রাসূলুল্লাহ সা. বলেছেনড়"হে তরুণগণ! তোমাদের মধ্যে যার পক্ষে বিয়ে করা সম্ভব, সে যেন বিয়ে করে। কারণ এটি দৃষ্টিকে নত রাখে এবং লজ্জাস্থানকে সংরক্ষণ করে"। নবীর এই নির্দেশনা স্পষ্ট করে দেয় যে, প্রেমকে যদি সমাজ ও ধর্মের আলোয় বৈধ রূপ দেওয়া যায়, তবে সেটি কল্যাণকর; কিন্তু যদি তা অবৈধ পথে লালিত হয়, তবে সেটি কেবল পাপের অন্ধকারই ডেকে আনে। ইতিহাস সাক্ষ্য দেয়ড়যে সমাজে অবৈধ সম্পর্ক বিস্তার লাভ করেছে, সে সমাজ অবক্ষয়ের শিকার হয়েছে। প্রাচীন রোমান সাম্রাজ্যের পতনের অন্যতম কারণ ছিল নৈতিক অবক্ষয় এবং অবাধ যৌনাচার।

মধ্যযুগীয় ইউরোপও একসময় নিমজ্জিত হয়েছিল অনৈতিক প্রেম ও ব্যভিচারের অন্ধকারে, যা ভেঙে দিয়েছিল পারিবারিক শৃঙ্খলাকে। ইসলাম সে কারণেই প্রেমকে নিষিদ্ধ করেনি, বরং তা নিয়ন্ত্রণ করেছে বিবাহের পবিত্র ছাদের নিচে।

আলমডাঙ্গা উপজেলা শহরের একাত্তর ও হাজী মোড় এলাকায় অভিযান পরিচালনা করা হয়। কনা নার্সিং হোমের ল্যাবে (ফ্রিজে) মেয়াদোত্তীর্ণ টেস্ট কীট পাওয়া গেলে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯-এর ৫১ ধারায় প্রতিষ্ঠানটির মালিক মাহমুদ শাহরিয়ার আতিকের কাছ থেকে জরিমানা আদায় করা হয়। অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। এতে সহযোগিতা করেন ক্যাব প্রতিনিধি মো. রফিকুল ইসলাম এবং চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম। অভিযান শেষে চিকিৎসা প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা দেওয়া হয়েছে: প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ রাখা, মেয়াদোত্তীর্ণ টেস্ট কীট বা রিএজেন্ট ব্যবহার না করা এবং অন্যান্য ত্রুটি সংশোধন করা। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর জানিয়েছে, ভোক্তাদের স্বার্থে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

## কাজলা নদীতে বিপুল পরিমাণ চায়না

(প্রথম পৃষ্টার পর)

(১৬সেপ্টেম্বর) দুপুরে মৎস অধিদপ্তরের উদ্যোগে এ অভিযান পরিচালিত হয়। সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা অভিযানে নেতৃত্ব দেন। এ সময় নদীর বিভিন্ন স্থানে অবৈধভাবে পেতে রাখা ২৪টি চায়না দুয়ারী জালসহ অন্যান্য জাল উদ্ধার করা হয়। পরে উদ্ধারকৃত জালগুলো আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়। অভিযানে সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন নাহার আখি, সহকারী মৎস্য কর্মকর্তা মীর জাকির হোসেনসহ উপজেলা প্রশাসন ও মৎস্য অফিসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সরকারি নির্দেশ অমান্য করে এখনও এসব অবৈধ জাল ব্যবহার করা হচ্ছে বলে জানান কর্মকর্তারা। এ ধরনের জাল দিয়ে মাছ ধরায় দেশীয় প্রজাতির মাছ বিলুপ্তির পথে। দেশীয় প্রজাতি টিকিয়ে রাখতে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করলেও কিছু অসাধু ব্যক্তি নিষিদ্ধ চায়না দুয়ারী জাল ব্যবহার করে যাচ্ছে।

## মুজিবনগর থানা পুলিশের অভিযানে

(প্রথম পৃষ্টার পর)

১৭০, ৪০৬ ও ৪২০ ধারায় এবং ১৮৬০ সালের আইন অনুযায়ী মামলা দায়ের রয়েছে। অপর দিকে, মোঃ জামাল হোসেনের বিরুদ্ধে মুজিবনগর থানায় ৬ মার্চ ২০১৩ তারিখে দায়েরকৃত এফআইআর নং ০৭ অনুযায়ী ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১)-এর ৩(খ) ধারায় মামলা রয়েছে। ওসি মিজানুর রহমান জানান, উভয় আসামীকে পুলিশের নিরাপদ কার্যালয়ে রাখা হয়েছে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। তিনি আরও জানান, মুজিবনগর থানা পুলিশের বিশেষ অভিযানে প্রযুক্তির সাহায্যে নিয়মিত মামলার আসামী সনাক্ত ও গ্রেফতার করা হয়েছে। তিনি বলেন, এই ধরনের অভিযান জেলার নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে এবং প্রতারণা ও অপরাধ নিয়ন্ত্রণে অব্যাহত থাকবে।

## সদরে স্বাস্থ্য সহকারীদের মাসিক সভা

(প্রথম পৃষ্টার পর)

অফিসার মোঃ খায়রুল ইসলাম। সভায় ইপিআয় সুপার তোফাজ্জল হোসেন, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তরিকুল ইসলামসহ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভায় বাল্যবিবাহ প্রতিরোধ, স্বাস্থ্য সচেতনতা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় স্বাস্থ্য সহকারীরা নিজ নিজ এলাকার স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার প্রতিবেদন উপস্থাপন করেন এবং বাল্যবিবাহ প্রতিরোধসহ বিভিন্ন সামাজিক স্বাস্থ্য সমস্যার সমাধানে কৌশল নিয়ে আলোচনা করা হয়।

## ভুয়া প্রমাণিত হলে বাদ যাবে জুলাই

(প্রথম পৃষ্টার পর)

অনুযায়ী জুলাই শহীদ ও যোদ্ধাদের নাম মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গেজেটে প্রকাশ করে। তবে তালিকায় ভুয়া নাম অন্তর্ভুক্ত থাকার অভিযোগের পর যাচাই-বাছাই প্রক্রিয়া চালু রয়েছে। ইতোমধ্যে কিছু নাম বাদ দিয়ে সংশোধিত গেজেটও প্রকাশ করা হয়েছে। এ প্রক্রিয়া অব্যাহত থাকবে। এছাড়া, গণমাধ্যমে যেসব নাম ভুয়া হিসেবে প্রকাশ পেয়েছে, সেগুলোও জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তরের মাধ্যমে যাচাই-বাছাই করা হচ্ছে। যাচাই শেষে যদি ভুয়া প্রমাণিত হয়, তবে নাম তালিকা থেকে বাদ যাবে এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় আরও জানায়, জুলাই শহীদ ও জুলাই যোদ্ধাদের সঠিক তালিকা প্রণয়নে তারা দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

## ইউনিয়ন কর্মকর্তাদের রিফ্রেশার্স

(প্রথম পৃষ্টার পর)

সাজ্জাদ, ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা সমিতির সভাপতি জহিরুল ইসলাম, সাবেক সভাপতি সানোয়ার হোসেন সানু ও সাধারণ সম্পাদক আজিম উদ্দিন। মেহেরপুর জেলার সকল ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তাগণ প্রশিক্ষণে অংশ গ্রহণ করছেন।

## আদালত পরিদর্শন করলেন হাইকোর্ট

(প্রথম পৃষ্টার পর)

সিদ্দিকী এবং বিভিন্ন আদালতের বিচারকবৃন্দ। এছাড়া জেলা আইনজিবী সমিতির সভাপতি মারুফ আহমেদ বিজন, পিপি পিপি সাইদুর রাজ্জাক, আইনজীবী ফোরামের আহ্বায়ক আসাদুল আযম খোকন, এপিপি (নারী ও শিশু) মকলেসুর রহমান স্বপন, অ্যাড. মোস্তাফিজুর রহমান তুহিন প্রমুখ।

গতকাল মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত বিচারপতি জাফর আহমেদ জেলা ও দায়রা জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এবং লিগ্যাল এইড অফিস পরিদর্শন করেন। তিনি আদালতের বিভিন্ন শাখা ঘুরে দেখেন এবং সার্বিক কার্যক্রম ও প্রশাসনিক দিক সম্পর্কে খোঁজখবর নেন। পরিদর্শনকালে সংশ্লিষ্ট আদালতের কর্মকর্তারা উপস্থিত থেকে তাঁকে স্বাগত জানান এবং আদালতের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত অবহিত করেন। বিচারপতি জাফর আহমেদ এ সময় বিচার বিভাগকে আরও স্বচ্ছ, কার্যকর ও জনবান্ধব করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি মামলার জট নিরসন, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলাগুলোর দ্রুত নিস্পত্তি এবং দরিদ্র ও অসহায় জনগোষ্ঠীর জন্য সরকারি আইনি সহায়তা কার্যক্রম জোরদারের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। এ সফরের মাধ্যমে জেলার বিচারক, আইনজীবী ও সাধারণ মানুষের মধ্যে নতুন উদ্দীপনা সৃষ্টি হয়েছে বলে স্থানীয় আইন মহল মনে করছে।

## ৩১ বছরে ফুটবলের বিদায় বললেন বিশ্বকাপজয়ী সেন্টারব্যাক উমতিতি

সূর্যোদয় প্রতিবেদন

ফ্রান্সের বিশ্বকাপজয়ী সেন্টারব্যাক স্যামুয়েল উমতিতি মাত্র ৩১ বছর বয়সে পেশাদার ফুটবলের সাথে বিদায় জানিয়েছেন। দীর্ঘস্থায়ী হাঁটুর ইনজুরির সঙ্গে লড়াইয়ের পর অবশেষে বুটজোড়া তুলে রাখার সিদ্ধান্ত নেন এই ফরাসি তারকা। উমতিতি সামাজিক যোগাযোগমাধ্যমে আবেগঘন এক ভিডিও বার্তায় জানান, "উত্থান-পতনে ভরা ক্যারিয়ারের বিদায় বলার সময় এসেছে। আমি আমার সবকিছু দিয়েছি এবং কোনো আফসোস নেই। আমি কৃতজ্ঞতা জানাই সব ক্লাব, কোচ, সতীর্থ এবং সমর্থকদের, যাদের সঙ্গে এই যাত্রা ভাগ করেছি।" তিনি আরও যোগ করেন, "ধন্যবাদ লিওঁ, ধন্যবাদ বার্সেলোনা, ধন্যবাদ লিল, ধন্যবাদ লেচে, ধন্যবাদ ফ্রান্স। এবং ধন্যবাদ আমার সব সমর্থককে, যাঁরা সবসময় পাশে থেকেছেন।" ২০১৮ সালের বিশ্বকাপে ফ্রান্সের জয়ে উমতিতির অবদান গুরুত্বপূর্ণ ছিল। সেমিফাইনালে বেলজিয়ামের বিপক্ষে করা তার একমাত্র গোল দলের ফাইনাল পথে সহায়ক ছিল। লিওঁ একাডেমি থেকে উঠে ইউরোপের শীর্ষ ক্লাব বার্সেলোনায় পাড়ি জমান উমতিতি। কাতালানদের হয়ে তিনি দুটি লা লিগা ও তিনটি কোপা দেল রে জিতেছেন। তবে বিশ্বকাপ জয়ী ক্যারিয়ারের পর থেকেই ইনজুরি তার সঙ্গে ছায়ার মতো ছিল। বার্সেলোনার পর ইতালির লেচে এবং ফ্রান্সের লিল ক্লাবে খেললেও তার পুরোনো ফর্ম আর ফিরে আসেনি। লিলের সঙ্গে চুক্তি শেষ হওয়ার পর থেকে তিনি ক্লাবহীন ছিলেন।

ফ্রান্স জাতীয় দলের হয়ে উমতিতি ৩১টি আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন এবং ৪টি গোল করেছেন। যদিও ভবিষ্যতের পরিকল্পনা এখনও স্পষ্ট করেননি, ধারণা করা হচ্ছে খেলাটার সঙ্গে কোনো না কোনোভাবে যুক্ত থাকবেন।

## কাতারে আর হামলা চালাবে না ইসরায়েল: ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দিয়েছেন, ইসরায়েল আর কাতারে হামলা চালাবে না। গত ৯ সেপ্টেম্বর দোহায় অবস্থানরত হামাসের শীর্ষ নেতাদের লক্ষ্য করে ইসরায়েল ক্ষেপণাস্ত্র হামলা চালায়। সোমবার (১৫ সেপ্টেম্বর) হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প কাতারকে যুক্তরাষ্ট্রের 'অত্যন্ত ভালো মিত্র' আখ্যা দিয়ে বলেন, "অনেকেই জানেন না, কাতার আমাদের কতটা ভালো বন্ধু। হ্যাঁ, তিনি (নেতানিয়াহু) কাতারে আর হামলা করবেন না। তবে হয়তো তাদের (হামাস নেতাদের) পিছু নেবেন।" ট্রাম্পের বক্তব্য কিছুটা অস্পষ্ট হলেও বিশ্লেষকদের মতে, এর মাধ্যমে তিনি ইঙ্গিত দিয়েছেনড়ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু হামাস নেতাদের বিরুদ্ধে অন্য কোনো পদক্ষেপ নিতে পারেন। এর আগে মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওস জানিয়েছিল, দোহায় হামলার পরিকল্পনার বিষয়ে নেতানিয়াহু সরাসরি ট্রাম্পকে জানিয়েছিলেন। তবে ট্রাম্প সে দাবি নাকচ করে বলেন, "না, তারা জানায়নি। আমি এ হামলার খবর ঠিক আপনাদের মতো করেই জেনেছি।" হোয়াইট হাউসের এক বিবৃতিতে জানানো হয়, ক্ষেপণাস্ত্র আকাশে ওড়ার পর মার্কিন সামরিক বাহিনী প্রশাসনকে বিষয়টি জানায়। ফলে প্রেসিডেন্টের কাছে আগাম আপত্তি জানানোর সুযোগ ছিল না। এদিকে ইসরায়েলের হামলার পর সোমবার (১৫ সেপ্টেম্বর) দোহায় আরব ও ইসলামি দেশগুলোর জরুরি বৈঠক বসে। ৬০ দেশের প্রতিনিধি অংশ নেওয়া এই সম্মেলনে নেতারা সতর্ক করে বলেন, কাতারে ইসরায়েলি হামলা গোটা অঞ্চলের জন্য ভয়াবহ পরিণতি ডেকে আনতে পারে। তারা সম্মিলিত প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান। কাতারের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা কিউএনএ প্রকাশিত সম্মেলনের চূড়ান্ত বিবৃতিতে দোহায় ইসরায়েলের হামলার তীব্র নিন্দা জানানো হয় এবং কাতারের প্রতি পূর্ণ সংহতি প্রকাশ করা হয়। বিবৃতিতে বলা হয়, ইসরায়েলের আগ্রাসন এই অঞ্চলে শান্তি প্রতিষ্ঠার সব সম্ভাবনাকে নষ্ট করছে। নেতারা আরও জানান, ইসরায়েলের পরিকল্পনা ঠেকাতে ঐক্যবদ্ধভাবে দাঁড়াতে হবে। অন্যথায় এসব পদক্ষেপ আঞ্চলিক ও আন্তর্জাতিক নিরাপত্তার জন্য সরাসরি হুমকিতে পরিণত হবে।

## জাহাজভাঙা শিল্পে বাংলাদেশের বাজার দখল করতে চায় ভারত

সূর্যোদয় প্রতিবেদন

জাহাজভাঙা শিল্পে বাংলাদেশের বাজার দখল করতে চায় ভারত। এর জন্য নতুন পরিকল্পনা হাতে নিয়েছে নরেন্দ্র মোদীর সরকার, যার মধ্যে রয়েছে প্রায় চার হাজার কোটি রুপি প্রণোদনার বিষয়ও।গতকাল মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) সংশ্লিষ্ট সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম দ্য ইকোনমিক টাইমস। খবরে বলা হয়েছে, বিপুল প্রণোদনার মাধ্যমে বাংলাদেশ ও পাকিস্তানের কাছ থেকে জাহাজভাঙা শিল্পের বাজার দখল করতে চায় ভারত। প্রস্তাবটি চলতি মাসের শেষের দিকে ভারতীয় মন্ত্রিসভায় অনুমোদন পেতে পারে। পরিকল্পনা অনুযায়ী, ২০২৬ সাল থেকে শুরু করে টানা ১০ বছর এ সুবিধা দেওয়া হবে। জাহাজমালিকরা ভারতে জাহাজ ভাঙতে দিলে জাহাজের স্ক্র্যাপ মূল্যের প্রায় ৪০ শতাংশ সমপরিমাণ ক্রেডিট নোট পাবেন, যা দিয়ে তিন বছরের মধ্যে ভারতীয় জাহাজ কিনতে পারবেন। একাধিক ক্রেডিট নোট একসঙ্গে ব্যবহার বা বিক্রিও করা যাবে। দ্য ইকোনমিক টাইমসের প্রতিবেদন অনুসারে, ২০২৩ সালে বৈশ্বিক জাহাজভাঙা শিল্পে বাংলাদেশের দখল ছিল ৪৬ শতাংশ, আর ভারতের ছিল এক-তৃতীয়াংশ। বিশ্বের সবচেয়ে বড় জাহাজভাঙা ইয়ার্ড ভারতের আলাং-এ অবস্থিত হলেও প্রতিবেশী বাংলাদেশ ও পাকিস্তানের সস্তা শ্রম এ বাজারে ভারতের অংশীদারি কমিয়ে দিয়েছে। তবে সাম্প্রতিক মাসগুলোতে আবার ব্যবসার চাহিদা বেড়েছে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে জাহাজ চলাচলের রুট পরিবর্তন ও ভাড়া বৃদ্ধি জাহাজের আয়ুষ্কাল বাড়ালেও শেষমেশ স্ক্র্যাপের চাপ তৈরি করছে। খবরে আরও বলা হয়েছে, ভারত পূর্ব উপকূলে নতুন জাহাজভাঙা কেন্দ্র স্থাপনেরও চিন্তা করছে, যাতে বাংলাদেশের শীর্ষস্থান দখল করা যায়। পাশাপাশি মোদী সরকার চলতি মাসে ২৫ হাজার কোটি রুপির সামুদ্রিক উন্নয়ন তহবিল অনুমোদনেরও প্রস্তুতি নিচ্ছে, যার লক্ষ্য ভারতীয় জাহাজ নির্মাণ শিল্পকে উৎসাহিত করা এবং বিদেশি জাহাজের ওপর নির্ভরতা কমানো।

## ইউরোপকে সতর্ক করল রাশিয়া

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার সম্পদ জব্দ করার চেষ্টা করলে কঠোর পদক্ষেপ নেওয়া হবেড় ইউরোপীয় দেশগুলোকে এমন হুঁশিয়ারি দিয়েছে মস্কো। সোমবার (১৫ সেপ্টেম্বর) রাশিয়ার পক্ষ থেকে এই সতর্কবার্তা আসে। এমন এক সময়ে এ ঘোষণা এল, যখন ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ইউক্রেনকে সহায়তা করতে জব্দ রুশ সম্পদ থেকে শতকোটি ডলার ব্যয় করার পরিকল্পনা করছে। খবর: রয়টার্স। ২০২২ সালে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনে সেনা পাঠানোর পর যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় মিত্ররা রাশিয়ার কেন্দ্রীয় ব্যাংক ও অর্থ মন্ত্রণালয়ের লেনদেন সীমিত করে। এর ফলে ৩০০ থেকে ৩৫০ বিলিয়ন ডলারের সার্বভৌম রুশ সম্পদ অবরুদ্ধ হয়ে পড়ে। মূলত ইউরোপীয়, মার্কিন ও ব্রিটিশ সরকারি বন্ডের এ সম্পদগুলো ইউরোপিয়ান সিকিউরিটিজ ডিপোজিটরিতে সংরক্ষিত ছিল। ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন দের লেয়েন সম্প্রতি প্রস্তাব দেন, ইউরোপে অবরুদ্ধ রুশ সম্পদ ব্যবহার করে ইউক্রেনের প্রতিরক্ষা খাতে অর্থায়ন করা উচিত। পলিটিকো জানায়, কমিশন এখন ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংকে রাশিয়ার মালিকানাধীন মেয়াদোত্তীর্ণ বন্ড থেকে আসা নগদ আমানত ক্ষতিপূরণমূলক ঋণ হিসেবে ইউক্রেনকে দেওয়ার পরিকল্পনা করছে। রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট দিমিত্রি মেদভেদেভ এ প্রসঙ্গে টেলিগ্রামে লিখেছেন, "যদি এমন হয়, তবে রাশিয়া শতাব্দীর শেষ পর্যন্ত ওই সব ইইউ রাষ্ট্র, ব্রাসেলসের অবক্ষয়বাদী নেতারা এবং যারা আমাদের সম্পত্তি দখলের চেষ্টা করবে, তাদের পিছু ছাড়বে না।" রাশিয়ার আগ্রাসনের পর থেকে ইউক্রেনে গুচ্ছ বোমা হামলায় ১ হাজার ২০০ জনেরও বেশি বেসামরিক মানুষ হতাহত হয়েছে। আন্তর্জাতিক পর্যবেক্ষক সংস্থা ক্লাস্টার মিউনিশন কোয়ালিশন (সিএমসি) সোমবার তাদের বার্ষিক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, ২০২২ সালের ফেব্রুয়ারিতে রাশিয়া যুদ্ধ শুরু করার পর থেকেই ব্যাপকভাবে নিষিদ্ধ এ অস্ত্র ব্যবহার করছে। ইউক্রেনে গুচ্ছ বোমা হামলার কারণে গত কয়েক বছরে সর্বোচ্চ হতাহতের ঘটনা রেকর্ড হয়েছে। তবে প্রতিবেদনে ইউক্রেনের পক্ষ থেকেও এ ধরনের অস্ত্র ব্যবহারের কথা উল্লেখ করা হয়েছে।

## 'অপারেশন সিঁদুরে' জইশ-ই-মোহাম্মদের প্রধানের পরিবার ছিন্নভিন্ন

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের বাহাওয়ালপুরে ভারতের সামরিক অভিযানের ফলে জইশ-ই-মোহাম্মদের প্রধান মাসুদ আজহারের পরিবারের সদস্যরা গুরুতর ক্ষতিগ্রস্ত হয়েছেন। সংগঠনটির এক শীর্ষ কমান্ডার সম্প্রতি সামাজিক মাধ্যমে প্রকাশিত ভিডিওতে এ কথা স্বীকার করেছেন। ভিডিওতে মাসুদ ইলিয়াস কাশ্মিরী বলেন, "দেশের সীমান্ত রক্ষার জন্য আমরা দিল্লি, কাবুল ও কান্দাহারের বিরুদ্ধে লড়াই করেছি। তবুও ৭ মে বাহাওয়ালপুরে ভারতীয় বাহিনী আমাদের এলাকায় হামলা চালায়, যার ফলে মাওলানা মাসুদ আজহারের পরিবার ছিন্নভিন্ন হয়ে যায়।"